

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

( কাস্টমস্ )

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/কাস্টমস্।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219(1) এর প্রদত্ত ক্ষমতাবলে, section 217A এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, শুল্ক (পুরস্কার মঞ্জুরী) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ২ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নবর্ণিত উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(৩) “পুরস্কার” অর্থ শুল্ক-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা প্রতিরোধ অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্ঘাটনের বা বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণকারী ব্যক্তি অথবা উক্তরূপ কর্মকাণ্ডের তথ্য সরবরাহকারী ব্যক্তির কাজের স্বীকৃতিরূপ প্রদত্ত অর্থ;”;

(খ) বিধি ৪ এর-

(অ) দফা (গ) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;

(আ) দফা (ঘ) এর প্রান্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন ও “এবং” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(ই) দফা (ঘ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা :-

“(ঙ) ক্যাটাগরী-৫ : কোন কর্মকর্তা কর্তৃক ন্যূনতম ৩ (তিন) বৎসরের পুরাতন বকেয়া রাজস্ব অনুসন্ধান, প্রচেষ্টা ও যোগাযোগের মাধ্যমে আদায় সংক্রান্ত মামলা।”;

(গ) বিধি ৬ এর-

- (অ) দফা (ঙ) এর শেষাংশে উল্লিখিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;  
 (আ) দফা (চ) এর প্রাপ্তস্থিত দাঁড়ি (।) চিহ্নের পরিবর্তে সেমিকোলন (;) চিহ্ন ও “এবং” শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং  
 (ই) দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (ছ) সংযোজিত হইবে, যথা :-

“(ছ) বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে, আদায়কৃত সমুদয় বকেয়া শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি।”;

- (ঘ) বিধি ৭ এ উল্লিখিত ছক এর পরিবর্তে নিম্নরূপ ছক প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“ছক

ক্রমিক নং (১)	ক্যাটাগরি (২)	পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ (৩)
১।	ক্যাটাগরি-১	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
২।	ক্যাটাগরি-২	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
৩।	ক্যাটাগরি-৩	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%
৪।	ক্যাটাগরি-৪	আটক পণ্য মূল্যের ৫%; তবে শর্ত থাকে যে, ক্যাটাগরি- ৪ এ পুরস্কারের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক হইবে না।
৫।	ক্যাটাগরি-৫	পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০%

”;

;

- (ঙ) বিধি ৮ এর উপ-বিধি (ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“(ক) শুল্ক অনুবিভাগের ক্ষেত্রে-

- (১) সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) - সভাপতি  
 (২) সদস্য (শুল্ক নীতি) - সদস্য  
 (৩) সদস্য (মূসক নীতি) - সদস্য  
 (৪) প্রথম সচিব (শুল্ক নীতি) - সদস্য  
 (৫) প্রথম সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) - সদস্য  
 (৬) দ্বিতীয় সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) - সদস্য-সচিব”; এবং

- (চ) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“১০। পুরস্কারের অর্থ বিতরণ।- (১) যেই ক্ষেত্রে কোন তথ্য সরবরাহকারীর তথ্যের ভিত্তিতে চোরাচালান বা শুদ্ধ-কর ফাঁকি বা বকেয়ার ঘটনা উদঘাটিত হয়, সেই ক্ষেত্রে-

- (ক) তথ্য সরবরাহকারী মঞ্জুরীকৃত অর্থের ২০% পাইবেন;
- (খ) শুদ্ধ-কর ফাঁকি, বকেয়া ও চোরাচালানের ঘটনা উদঘাটন সংক্রান্ত মামলার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী মঞ্জুরীকৃত অর্থের ৬৫% পাইবেন;
- (গ) সংশ্লিষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১২% জমা হইবে; এবং
- (ঘ) বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা হইবে।

(২) তথ্য সরবরাহকারী না থাকিলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ মঞ্জুরীকৃত অর্থের ৮৫% পাইবেন, সংশ্লিষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১২% এবং বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা করিতে হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল্লাহ খান)  
প্রথম সচিব (শুদ্ধঃ নীতি ও বাজেট)।